

■■ পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৮. ১. ৬. ২৪. ধর্ম বা ঈশ্বর সম্পর্কে আপত্তিকর কথার শাস্তি মৃত্যুদণ্ড

ধর্ম বা ঈশ্বরের নামে আপত্তিকর বা নিন্দামূলক (Blasphemy) কোনো কথা বললে তাকেও মৃত্যুদণ্ড গিতে হবে। "বনি-ইসরাইলদের মধ্যে এমন একজন লোক বাস করত যার মা ছিল ইসরাইলীয় আর পিতা মিসরীয়। ছাউনির মধ্যে সেই লোকটির সংগে একজন ইসরাইলীয়ের মারামারি বেধে গেল। তখন সেই ইসরাইলীয় স্ত্রী-লোকের ছেলেটি মাবুদের নাম নিয়ে কুফরী করল। তা শুনে লোকেরা তাকে মূসার কাছে নিয়ে গেল। ... এই ব্যাপারে মাবুদের ইচ্ছা কি তা তাঁর কাছ থেকে জানবার অপেক্ষায় বনি-ইসরাইলরা সেই লোকটিকে আটক করে রাখল। এতে মাবুদ মূসাকে বললেন, 'যে লোকটি কুফরী করেছে তাকে ছাউনির বাইরে নিয়ে যাও। যারা তাকে কুফরী করতে শুনেছে তারা সবাই তার মাথার উপর হাত রাখুক, তারপর বনি-ইসরাইলরা তাকে পাথর ছুঁড়ে হত্যা করকে। ... যে মাবুদের নাম নিয়ে কুফরী করবে তাকে হত্যা করতেই হবে। বনি-ইসরাইলরা তাকে পাথর ছুঁড়ে হত্যা করবে। ইসরাইলীয়ই হোক বা তাদের মধ্যে বাস করা অন্য জাতির লোকই হোক, যে কেউ কুফরী করবে তাকে হত্যা করতেই হবে। (লেবীয় ২৪/১০-১৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14429

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন